



# ঢাকা কমার্স কলেজ

## পরীক্ষা নিয়ন্ত্রণ শাখা

(স্ব-অর্থায়নে পরিচালিত রাজনীতি ও ধূমপানমুক্ত)

ঢাকা কমার্স কলেজ রোড, মিরপুর, ঢাকা-১২১৬, ফোন: ৯০২৩৩৩৮

ওয়েব সাইট: [www.dcc.edu.bd](http://www.dcc.edu.bd)

স্মারক নং: ঢাকক-

তারিখ: ১১.০৫.২০১৬

### বিজ্ঞপ্তি

একাদশ শ্রেণির ছাত্র-ছাত্রীদের জানানো যাচ্ছে যে, তাদের ২য় পর্ব সাপ্লিমেন্টারি পরীক্ষা ২০১৬ আগামী ২৮/০৫/২০১৬ তারিখ হতে অনুষ্ঠিত হবে। প্রতি বিষয়ের পূর্ণমান: ১০০ এবং পরীক্ষার সময়: ৩ (তিন) ঘণ্টা। অকৃতকার্য শিক্ষার্থীদের পরীক্ষায় অংশগ্রহণ বাধ্যতামূলক। বিশেষ ক্ষেত্রে অসুস্থ শিক্ষার্থীর জন্য সিক বেডের ব্যবস্থা আছে। অকৃতকার্য শিক্ষার্থীদের আগামী ২৬/০৫/২০১৬ তারিখের মধ্যে হিসাব শাখায় বিষয় প্রতি ২০০/- (দুইশত) টাকা জমা দিয়ে প্রাপ্ত জমা রশিদ পরীক্ষার প্রবেশপত্র হিসেবে পরীক্ষার হলে দেখানোর জন্য সংরক্ষণ করতে হবে।

পরীক্ষার হলে ছাত্র-ছাত্রীদের নিম্নলিখিত বিষয়সমূহ মেনে চলতে হবে:

- ১। পরিচয়পত্র ব্যতীত কোনো ছাত্র-ছাত্রীকে পরীক্ষায় অংশগ্রহণ করতে দেয়া হবে না।
- ২। পরীক্ষার হলে বিন্দুমাত্র অসদুপায় অবলম্বনের কোনো প্রমাণ পাওয়া গেলেই বহিষ্কার করা হবে।
- ৩। পরীক্ষার হলে পরীক্ষা সংক্রান্ত কাগজপত্র ছাড়া অন্য কোনো কাগজপত্র, বই, ব্যাগ ইত্যাদি সঙ্গে আনা যাবে না।
- ৪। পরীক্ষা শুরু কমপক্ষে ১৫ মিনিট পূর্বে পরীক্ষার হলে প্রবেশ করতে হবে।
- ৫। পরীক্ষার হলে পরস্পর কলম, পেনসিল, ইরেজার, স্কেল, ক্যালকুলেটর ইত্যাদি বিনিময় সম্পূর্ণ নিষিদ্ধ।
- ৬। পরীক্ষার্থীকে অবশ্যই উত্তরপত্রের প্রতি পৃষ্ঠায় ১৬ থেকে ১৮ লাইন লিখতে হবে এবং প্রতি লাইনে কমপক্ষে ৫ হতে ৬টি শব্দ লিখতে হবে।
- ৭। পরীক্ষার্থীকে পূর্ণ সময় হলে অবস্থান করে পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।
- ৮। পরীক্ষায় অংশগ্রহণকারী ছাত্র-ছাত্রীদের যথাযথ ইউনিফর্ম পরে আসতে হবে।
- ৯। উত্তরপত্রের বাম পার্শ্বে ও উপরে ১ ইঞ্চি মার্জিন দিতে হবে এবং প্রশ্ন নং মার্জিনের উপরে লিখতে হবে।
- ১০। টাকা জমা রশিদ হারিয়ে গেলে, বাসায় রেখে আসলে বা অন্য কোনো কারণে প্রাপ্ত জমা রশিদ আনতে না পারলে, সেক্ষেত্রে পরীক্ষার দিন হিসাব শাখায় ১০০/- টাকা জমা দিয়ে পরীক্ষা নিয়ন্ত্রণ শাখায় হতে প্রবেশপত্র সংগ্রহ করতে হবে।

### পরীক্ষার সময়সূচি

পরীক্ষার তারিখ ও বার	পরীক্ষার বিষয়	বিষয় কোড	সময়
২৮/০৫/২০১৬ (শনিবার)	বাংলা (আবশ্যিক) ১ম ও ২য় পত্র	১০১ ও ১০২	২টা-০৫টা
২৯/০৫/২০১৬ (রবিবার)	ইংরেজি (আবশ্যিক) ১ম ও ২য় পত্র	১০৭ ও ১০৮	২টা-০৫টা
৩০/০৫/২০১৬ (সোমবার)	তথ্য ও যোগাযোগ প্রযুক্তি	২৭৫	২টা-০৫টা
৩১/০৫/২০১৬ (মঙ্গলবার)	ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা ১ম ও ২য় পত্র	২৭৭ ও ২৭৮	২টা-০৫টা
০১/০৬/২০১৬ (বুধবার)	হিসাববিজ্ঞান ১ম ও ২য় পত্র	২৫৩ ও ২৫৪	২টা-০৫টা
০২/০৬/২০১৬ (বৃহস্পতিবার)	উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন ১ম ও ২য় পত্র	২৮৬ ও ২৮৭	২টা-০৫টা
০৪/০৬/২০১৬ (শনিবার)	ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা ১ম ও ২য় পত্র	২৯২ ও ২৯৩	২টা-০৫টা
০৫/০৬/২০১৬ (রবিবার)	অর্থনীতি ১ম ও ২য় পত্র	১০৯ ও ১১০	২টা-০৫টা
	পরিসংখ্যান ১ম ও ২য় পত্র	১২৯ ও ১৩০	
	ভূগোল ১ম ও ২য় পত্র	১২৫ ও ১২৬	
	সাচিবিক বিদ্যা ও অফিস ব্যবস্থাপনা ১ম ও ২য় পত্র	২৩৫ ও ২৩৬	

অধ্যক্ষ

উপাধ্যক্ষ, প্রশাসন (ভারপ্রাপ্ত)

উপদেষ্টা (অ্যাকাডেমিক)

আহবায়ক (পরীক্ষা কমিটি)

উপ পরীক্ষা নিয়ন্ত্রক